গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.০৬.০০২.১৩.১৭৩(১০০০) তারিখ-০১/০৪/২০১৮।

## পরিপত্র

বিষয় ঃ পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় প্রসঙ্গে।

ভূমি মন্ত্রণালয়ের ২০/০৫/২০০২ তারিখের ভূঃমঃ/শা-১২(মাঃপ্রঃ)-০৭/২০০১-১৯০(৫০০) নং পরিপত্রের আংশিক সংশোধনক্রমে বিভিন্ন জেলায় রাজস্ব বিভাগের আওতাধীন পুরাতন স্থাপনা বা ভবন নিলামে বিক্রয়কালে ভবনের ইট, লোহা ইত্যাদি, মালামাল পর্যায়ে বিক্রি করা হয়ে থাকে বিবেচনায় পুরাতন ভবন/স্থপনা কে পুরাতন মালামাল হিসেবে গন্য করে রাজস্ব বিভাগের আওতাধীন পুরাতন মালামাল/গাছ প্রকাশ্য নিলামে বিক্রয়/জেলা ও উপজেলা পর্যায়ে পরিপক্ক ঝরে পড়া এবং মৃত গাছ কর্তনের দায়িত্ব সম্পাদনের জন্য প্রতিটি জেলা ও থানায় নিম্নোক্ত কর্মকর্তাদের সমম্বয়ে দুইটি কমিটি গঠন করা হলোঃ-

জেলা কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক, ...................................... | সভাপতি |
| ২। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ................ | সদস্য |
| ৩। | ডি, এফ, ও, ......................................... | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (এল,জি,ই,ডি), ................ | সদস্য |
| ৫। | সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), ................ | সদস্য |
| ৬। | রেভিনিউ ডেপুটি কালেক্টর, .......................... | সদস্য সচিব। |

থানা কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, .......................... | সভাপতি |
| ২। | বন বিভাগের একজন কর্মকর্তা (থানায় কর্মরত),. | সদস্য |
| ৩। | থানা প্রকৌশলী, ...................................... | সদস্য |
| ৪। | সহকারী কমিশনার (ভূমি), .......................... | সদস্য সচিব। |

০২। বিক্রয়ের অনুমোদনের ক্ষমতা বিভাগীয় কমিশনারের পরিবর্তে জেলা প্রশাসকের উপর ন্যস্ত করা হলো।

০৩। প্রতিটি ক্ষেত্রে এস,এ শাখার উপ-সহকারী প্রকৌশলী/বন বিভাগের একজন প্রতিনিধি কর্তৃক বিক্রয়ের (যথাক্রমে মালামালের/গাছের মূল্য নির্ধারণের ভিত্তিতে) কার্যক্রম গ্রহণ করতে হবে। যে সকল জেলায় এস,এ শাখায় সহকারী প্রকৌশলী নেই, সে ক্ষেত্রে এস,এ শাখার উপ-সহকারী প্রকৌশলী/ওভারশিয়ার কর্তৃক বিক্রয়যোগ্য মালামালের মূল্য নির্ধারণের পর তা থানা প্রকৌশলী কর্তৃক যাচাই করা যেতে পারে।

০৪। শুধুমাত্র জরুরি ভিত্তিতে কোন গাছ অথবা মালামাল বিক্রয়ের প্রয়োজন হইলে, সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা তাহা বিক্রয় করিতে পারিবেন। তবে উভয় ক্ষেত্রে যথাক্রমে বিভাগীয় কমিশনার বা জেলা প্রশাসককে জরুরি ভিত্তিতে বিক্রয়ের বিষয়টি বিস্তারিত জানাইয়া রাখিতে হইবে এবং স্ব স্ব কমিটির পরবর্তী সভায় তাহা আলোচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

০৫। জেলা ও উপজেলা পর্যায়ে সম্পূর্ণ ঝরেপড়া এবং মৃত গাছ কর্তনের চূড়ান্ত অনুমোদনের এখতিয়ার সংশ্লিষ্ট জেলা প্রশাসকের।

০৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও নির্দেশক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বিতরণঃ

০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৪। জেলা প্রশাসক, ........................................ (সকল)।
০৫। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ................................................ (সকল)।
০৮। সহকারী কমিশনার (ভূমি), .................................................. (সকল)।
০৯। বিভাগীয় বন কর্মকর্তা, .................................................. (সকল)।
১০। নির্বাহী প্রকৌশলী (এল,ডি,ই,ডি), ..............................................(সকল)।
১১। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস কপি।